

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 26 April, 2025

চট্টগ্রামের হাটহাজারীতে গভীর রাতে ডাকাতি, নগদ অর্ধলাখ টাকা লুট হয়েছে। এসময় সশস্ত্র ডাকাতদল দোকানির ছোটভাই সেনাসদস্যকে লক্ষ্য করে গুলি করে। গুলিবিদ্ধ সেনা সদস্য চট্টগ্রাম সম্মিলিত সামরিক হাসপাতাল সিএমএইচে চিকিৎসাধীন রয়েছেন।

শনিবার (২৬ এপ্রিল) দিবারাত আড়াইটার দিকে পৌরসভা ৩নং ওয়ার্ড মেখল রোড শায়েস্তাখাঁ পাড়ায় গাউছিয়া স্টোরে এঘটনা ঘটে। গুলিবিদ্ধ সেনাসদস্য শহিদুল ইসলাম সায়েম (২৫) সিলেট ক্যান্টনমেন্ট ২৭ বীরে সৈনিক পদে কর্মরত রয়েছেন। কয়েকদিন আগে ছুটি এসেছিলেন। তিনি ওই এলাকার মোঃ রশিদুল এর পুত্র।

গাউছিয়া স্টোরের দোকানি আমিনুল ইসলাম বাবু বলেন, দোকানে মালামাল গুছানোর জন্য আমার বড়ভাই রাশেদ দোকান বন্ধ করতে দেরি করে। রাত ২টা ৪৫ মিনিটের সময় ৪ জন অস্ত্রধারী ডাকাত মার্স পড়া অবস্থায় দোকানে ঢুকে বড়ভাই রাশেদকে জিম্মি করে ক্যাশে থাকা টাকা হাতিয়ে নেয়। এমন দৃশ্য সিসিটিভি ফুটেজে দেখতে পেয়ে আমি ও আমার ছোটভাই সেনাসদস্য সায়েম দৌড়ে দোকানে আসি। এসময় ডাকাত দলেরা ছোটভাই সায়েমকে লক্ষ্য করে গুলি ছোঁড়ে। সে গুলিবিদ্ধ হয়ে রক্তাক্ত হয়। গুরুতর আহত অবস্থায় তাকে বাসস্ট্যাভ আলিফ হাসপাতালে নেওয়া হলে কর্মরত চিকিৎসক সিএমএইচে প্রেরণ করেন।

শায়েস্তা খাঁ পাড়া সমাজের সর্দার আলহাজ্ব মোঃ এজাহার মিয়া বলেন, শায়েস্তাখাঁ পাড়া বা হাটহাজারী কলেজ গেইট এলাকায় এরকম ঘটনা আর কখনো ঘটেনি। আইন শৃঙ্খলা বাহিনী আরো কঠোর অবস্থানে থাকলে আশা করি এরকম ঘটনা আর হবে না। সেনাসদস্য সায়েমের

আমরা দোয়া করি।

অতিরিক্ত পুলিশ সুপার (হাটহাজারী সার্কেল) কাজী মোঃ তারেক আজিজ বলেন, আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। আমরা সবকটা দিক বিবেচনা করে সবকটি ডোরে আমরা আমাদের তদন্ত কার্যক্রম চালিয়ে যাচ্ছি। ডাকাতদের যে উদ্দেশ্য থাকুক না কেন সুষ্ঠু তদন্তের মাধ্যমে সকলকে আইনের আওতায় আনা হবে।

ডাকাত গুলি সেনা সদস্য আহত পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:49

URL: <https://www.timestodaybd.com/public/chittagong/1493775807>